গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

এবং

সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..... ৩

প্রস্তাবনা ..... ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ..... ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ..... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..... ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ..... ১৫

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ..... ১৭

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..... ১৮

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট প্রতিষ্ঠার পর হতে এনডিডি ব্যক্তিদের জীবনমান উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করছে। এনডিডি সুরক্ষা ট্রাস্ট কর্তৃক ২০১৯-২০ হতে ২৩-২৪ পর্যন্ত ১০.৮৭ কোটি টাকা এনডিডি ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে অনুদান প্রদান করা হয়েছে। ট্রাস্টের প্রত্যক্ষ তত্বাবধানে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯ প্রণয়ন করা হয়েছে। এনডিডি সুরক্ষা ট্রাস্ট ও সাধারণ বীমা কর্পোরেশন এর যৌথ উদ্যোগে এনডিডি ব্যক্তিদের জন্য 'বঙ্গবন্ধু সুরক্ষা বীমা' প্রবর্তন করা হয় । এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের উপযোগী শিক্ষা প্রদানের লক্ষ্যে খসড়া বিশেষ শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে।এছাড়াও এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের অভিভাবকগণদের প্রশিক্ষণ কার্যক্রম, বিশেষস্কুলের শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম, সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডকুমেন্টারি প্রণয়ন ও টিভিসি প্রণয়নপূর্বক বিভিন্ন টিভি চ্যানেল ও বিভিন্ন সোশ্যাল মিডিয়াতে প্রচার । এনডিডি সুরক্ষা ট্রাস্টরে আওতায় 'স্মার্ট অটিজম র্বাতা' ও 'বলতে চাই' নামক ২টি এ্যাপ প্রণয়ন করা হয়েছে। এনডিডি ব্যক্তিদের চিত্রাংকণ প্রতিযোগিতা আয়োজন ও প্রতিবন্ধিতা সম্পর্কিত বিভিন্ন দিবস উদযাপন। দেশের ১৪ টি স্থানে 'অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র' শীর্ষক প্রকল্পের আওতায় ১৪টি কেন্দ্র স্থাপনের মধ্য দিয়ে অটিজম ও এনডিডি ব্যক্তিদের ১৭ ধরণের সেবা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জ হচ্ছে এনডিডি প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে ট্রাস্ট আইন অনুযায়ী বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও এর সুষ্ঠু বাস্তবায়নে অপ্রতুল জনবল নিয়ে আধুনিক পদ্ধতি ও স্বচ্ছতার সাথে স্বল্প ব্যয়ে ও স্বল্প সময়ের মধ্যে এনডিডি ব্যক্তিদের নিকট কাঙ্খিতমানের সেবা পৌছে দেয়া।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সেবা দানে শুদ্ধাচারের অনুশীলন নিশ্চিতকরণ, সেবাদানে নতুন ইনোভেশনকে উৎসাহ প্রদান এবং সেবা প্রদান পদ্ধতিকে ডিজিটালাইজেশন করা হবে। এনডিডি সুরক্ষা ট্রাস্টের কার্যক্রম জেলা ও পর্যায়ক্রমে উপজেলা পর্যায়ে সম্প্রসারণ করা হবে। এনডিডি শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি প্রদান, এনডিডি ব্যক্তিদের চিকিৎসা সহায়তার লক্ষ্যে আর্থিক অনুদান প্রদান, এনডিডি ব্যক্তিদের বিশেষ উপবৃত্তি প্রদান, এনডিডি ব্যক্তিদের মাতা-পিতা/অভিভাবকদের প্রশিক্ষণ, বিশেষ স্কুলের শিক্ষকগণের প্রশিক্ষণ, এনডিডি নিয়ে কাজকরা সংগঠনসমূহকে নিবন্ধন প্রদান ও সহায়তা দান, দেশের সকল এনডিডি ব্যক্তিদের জীবন ও স্বাস্থ্যঝুঁকি হ্রাস কল্পে 'বঙ্গবন্ধু সুরক্ষা বীমা' চালু রাখা, এনডিডি শিশুর পিতা-মাতা/ অভিভাবকদের মধ্যে এবং সামাজিক সচেতনতা বৃদ্ধিসহ বিভিন্ন স্নায়ুবিক প্রতিবন্ধিদের জীবনব্যাপী সেবা প্রদানের লক্ষ্যে কেয়ার গিভার স্কিলড ট্রেনিং প্রোগ্রাম চালু, এনডিডি ব্যক্তিদের সঠিক পরিসংখ্যান ও সনাক্তকরণের জন্য কার্যকর টুলস প্রণয়ন, ট্রাস্টের জনবল কাঠামো সম্প্রসারণ, এনডিডি ব্যক্তিদের জন্য পুনর্বাসন কেন্দ্র স্থাপন ও বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণ।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- এনডিডি ব্যক্তিকে চিকিৎসা সহায়তা হিসাবে ৩০০০ জন এনডিডি ব্যক্তিকে আর্থিক অনুদান প্রদান করা হবে।
- ট্রাস্ট আইন ও বিধিমালা অনুযায়ী অটিজম ও এনডিডি নিয়ে কাজ করা ও কাজ করতে আগ্রহী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহকে নিবন্ধন প্রদান করা হবে।
- দেশের সকল এনডিডি ব্যক্তিদের জীবন ও স্বাস্থ্যঝুঁকি হ্রাস কল্পে এনডিডি সুরক্ষা ট্রাস্ট কর্তৃক প্রবর্তিত বঙবন্ধু সুরক্ষা বীমা বাস্তবায়ন
- সারাদেশে ৪০০ জন এনডিডি ব্যাক্তিদের পিতা-মাতা/ অভিভাবকদের প্রশিক্ষণ প্রদান।
- জেলা ও উপজেলা পর্যায়ে 'অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্রের' মাধ্যমে এনডিডি ব্যক্তিদের সেবাপ্রদান ।
- সারাদেশে ৩৪০ জন বিশেষ স্কুলের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান।
- ৭০ জন কেয়ার-গিভারদের প্রশিক্ষণ প্রদান।
- এনডিডি বৈশিষ্ট্য সম্পন্ন ব্যক্তিদের জীবনমান উন্নয়নে বিভিন্ন প্রকল্প গ্রহণ ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

এবং

সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশের নিউরো-ডেভেলমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা ও তাদের জীবনমান উন্নয়ন

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক) জাতিসংঘ ঘোষিত UNCRPD এর আলোকে বাংলাদেশের নিউরো ডেভেলমেন্টাল প্রতিবন্ধী জনগোষ্ঠীর সমমর্যাদা, অধিকার, পূর্ণ অংশগ্রহণ এবং সমাজের মূলস্রোতধারায় সম্পৃক্ত করনের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন সাধন;

খ) নিউরো-ডেভেলমেন্টাল প্রতিবন্ধী বিষয়ক যাবতীয় কার্যক্রম সমন্বয় সাধন এবং জাতীয় পর্যায়ে নীতি নির্ধারণ ও নীতি বাস্তবায়ন বিষয়ে কার্যকর ভূমিকা পালন;

গ) নিউরো-ডেভেলমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনব্যাপী যত্নপরিচর্যা, আবাসন, শিক্ষা, প্রশিক্ষণ, পুনর্বাসন ও স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ;

ঘ) নিউরো-ডেভেলমেন্টাল প্রতিবন্ধীতা বিষয়ক গবেষণা প্রতিবেদন, বুলেটিন, জার্নাল, সাময়িকী ও পুস্তিকা প্রকাশ;

ঙ) নিউরো-ডেভেলমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের ক্রীড়া, শরীরচর্চা ও সাংস্কৃতিক কর্মকান্ডে অংশগ্রহণ নিশ্চিতকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ;

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন ও পূণর্বাসন
২. প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি
৩. প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধিতা সংক্রান্ত নীতি প্রণয়ন ও বাস্তবায়ন;
২. দেশের নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন;
৩. এনডিডি নিয়ে কাজ করে ও করতে আগ্রহী স্বেচ্ছাসেবী সংস্থা সমূহকে নিবন্ধন প্রদান ও সহায়তা দান;
৪. নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধীদের শিক্ষা, কারিগরি সহায়তা, প্রশিক্ষণ ও পুনর্বাসন;
৫. সারাদেশে এনডিডি ব্যাক্তিদের পিতা-মাতা/ অভিভাবকদের প্রশিক্ষণ প্রদান ও বিশেষ স্কুলের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান।
৬. এনডিডি প্রতিবন্ধীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করণের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ
৭. এনডিডি প্রতিবন্ধী বিষয়ক কার্যাবলীর সমন্বয় সাধন

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| ওয়ানস্টপ স্বাস্থ্যসেবা চালু এবং এ লক্ষ্যে অবহিতকরন, শিক্ষা ও অন্যান্য কর্মশালা আয়োজনের মাধ্যমে এনডিডি ব্যক্তিদের স্বাস্থ্যসেবা প্রাপ্তি সহজীকরন ও জীবনমান উন্নয়ন। | কর্মশালার অংশগ্রহণ কারীর সংখ্যা | সংখ্যা | ২০০ | ২০০ | ২২০ | ২৪০ | ২৬০ | সকম সসেঅদ এনডিডি সুরক্ষা ট্রাস্ট স্বাস্থ্য অধিদপ্তর | এনডিডি সুরক্ষা ট্রাস্ট আইন,এসডিজি ৩.৮.১ |
| এনডিডি ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে আর্থিক অনুদান প্রদানের মাধ্যমে অসচ্ছল এনডিডি ব্যক্তিদের স্বাস্থ্যসেবার পথ প্রশস্তকরণ। | সুবিধাভোগী এনডিডি ব্যক্তি | সংখ্যা | ২০০০ | ২৫০০ | ৩০০০ | ৩২০০ | ৩৫০০ | সকম সসেঅদ এনডিডি সুরক্ষা ট্রাস্ট ট্রাস্টি বোর্ড জেলা কমিটি | এনডিডি সুরক্ষা ট্রাস্ট আইন, চিকিৎসা সহায়তা প্রদান নির্দেশিকা, এসডিজি ৩.৮.১ |
| এনডিডি নিয়ে কাজ করা ও করতে আগ্রহী স্বেচ্ছাসেবী সংস্থাকে নিবন্ধন প্রদানের মাধ্যমে এনডিডি ব্যক্তিদের জীবনমান উন্নয়নে সরকারের পাশাপাশি বেসরকারি সংস্থাসমূহকে সম্পৃক্ত করণ। | নিবন্ধন কার্যক্রম নিষ্পন্ন | % শতকরা | | ৭৫% | ৭৫% | ৭৫% | ৭৫% | সসেঅদ এনডিডি সুরক্ষা ট্রাস্ট ট্রাস্টি বোর্ড জেলা সমাজসেবা কার্যালয় | এনডিডি সুরক্ষা ট্রাস্ট আইন ও ট্রাস্ট বিধিমালা |
| ‘বঙ্গবন্ধু সুরক্ষা বীমা’ বাস্তবায়নের মাধ্যমে এনডিডি ব্যক্তিদের জীবন ও স্বাস্থ্যঝুঁকি হ্রাস করণ। | স্বাস্থ্যবীমার আওতাভুক্ত এনডিডি ব্যক্তি | সংখ্যা | ৫০৪ | ৫০০ | ৫৫০ | ৬০০ | ৬৫০ | এনডিডি সুরক্ষা ট্রাস্ট, বীমা উন্নয়ন কর্তৃপক্ষ ও সাধারণবীমা কর্পোরেশন | এনডিডি সুরক্ষা ট্রাস্ট আইন, এসডিজি |
| এনডিডি শিশু/ ব্যাক্তিদের পিতা-মাতা / অভিভাবকদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এনডিডি শিশু/ব্যক্তিদের জীবনব্যাপি যত্নপরিচর্যা নিশ্চিতকরণ | প্রশিক্ষণ গ্রহণকারী পিতা-মাতা /অভিভাবকের সংখ্যা | সংখ্যা | ৩৬০ | ৩৮০ | ৪০০ | ৪৫০ | ৫০০ | এনডিডি সুরক্ষা ট্রাস্ট বিশেষ স্কুল পরিচালনাকারী কতৃপক্ষ | এনডিডি সুরক্ষা ট্রাস্ট আইন,এসডিজি ৩.৮.১, নির্বাচনী ইশতেহার |
| বিশেষ স্কুলের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এনডিডি শিশু/ব্যক্তিদের মানসম্মত শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি | প্রশিক্ষণ গ্রহণকারী শিক্ষকদের সংখ্যা | সংখ্যা | ৩০০ | ৩২০ | ৩৪০ | ৩৬০ | ৩৮০ | এনডিডি সুরক্ষা ট্রাস্ট বিশেষ স্কুল পরিচালনাকারী কতৃপক্ষ | এনডিডি সুরক্ষা ট্রাস্টআইন, এসডিজি ৪.৫.১, নির্বাচনী ইশতেহার |
| এনডিডি ব্যক্তিদের থেরাপিউটিক সেবা প্রদানের মাধ্যমে জীবনযাপন সহজতর করা | সেবা গ্রহনকারীর সংখ্যা | সংখ্যা | | ১৫০০ | ৪০০০ | ৪২০০ | ৪৫০০ | এনডিডি সুরক্ষা ট্রাস্ট, অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র, | এনডিডি সুরক্ষা ট্রাস্ট আইন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন ও পূণর্বাসন | ২৫ | [১.১] ওয়ানস্টপ স্বাস্থ্যসেবা অবহিতকরন, শিক্ষা ও অন্যান্য কর্মশালা | [১.১.১] অংশগ্রহণকারীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ২০০ | ২০০ | ২২০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ২০০ | ২০০ |
| | | [১.২] এনডিডি ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে আর্থিক অনুদান প্রদান | [১.২.১] সুবিধাভোগী এনডিডি ব্যক্তি | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ২০০০ | ২৫০০ | ৩০০০ | ২৭০০ | ২৪০০ | ২১০০ | ১৮০০ | ৩২০০ | ৩৫০০ |
| | | [১.৩] এনডিডি নিয়ে কাজ করা ও করতে আগ্রহী স্বেচ্ছাসেবী সংস্থার নিবন্ধন কার্যক্রম নিষ্পত্তি | [১.৩.১] নিবন্ধন প্রদান কার্যক্রম নিষ্পন্ন | গড় | (%) শতকরা | ২ | | ৭৫ | ৭৫ | ৬৭.৫ | ৬০ | ৫২.৫ | ৩৬ | ৭৫ | ৭৫ |
| | | [১.৪] এনডিডি ব্যক্তিদের জীবন ও স্বাস্থ্যঝুঁকি হ্রাসকল্পে স্বাস্থ্যবীমাকরণ | [১.৪.১] স্বাস্থ্যবীমার অওতাভুক্ত এনডিডি ব্যক্তি | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ৫০৪ | ৫০০ | ৫৫০ | ৪৯৫ | ৪৪০ | ৩৮৫ | ৩৩০ | ৬০০ | ৬৫০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [১.৫] বিশেষ শিক্ষাক্রম প্রণয়ন | [১.৫.১] বিশেষজ্ঞদের মতামতসহ সকল ধাপ অনুসরণ করে মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | তারিখ | ২ | | | ৩০.০৪.২৫ | ১০.০৫.২৫ | ২০.০৫.২৫ | ৩১.০৫.২৫ | | | |
| | | | [১.৫.২] বাস্তবায়নের অংশ হিসেব স্টেকহোল্ডারদের অবহিতকরণ | তারিখ | তারিখ | ১ | | | ১৫.০৬.২৫ | ২০.০৬.২৫ | ২৫.০৬.২৫ | ৩০.০৬.২৫ | | | |
| | | [১.৬] এনডিডি বিষয়ক কার্যক্রম প্রচার ও সংশ্লিষ্টদের অবহিতকরণের জন্য নিউজ বুলেটিন প্রকাশ | [১.৬.১] ত্রৈমাসিক নিউজ বুলেটিন প্রকাশ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | [১.৭] এনডিডি সম্পর্কিত দিবস উদযাপন | [১.৭.১] বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদযাপন | তারিখ | তারিখ | ২ | | | ০২.০৪.২৫ | | | | | | |
| | | | [১.৭.২] বিশ্ব সেরিব্রাল পালসি দিবস উদযাপন | তারিখ | তারিখ | ১ | | | ০৬.১০.২৪ | | | | | | |
| | | | [১.৭.৩] বিশ্ব ডাউন সিনড্রোম দিবস উদযাপন | তারিখ | তারিখ | ১ | | | ২১.০৩.২৫ | | | | | | |
| | | [১.৮] এনডিডি সনাক্তকরণ ও সঠিক পরিসংখ্যান টুলস প্রণয়ন | [১.৮.১] টুলস প্রণয়নপূর্বক পাইলটিং কার্যক্রম সম্পন্ন | তারিখ | তারিখ | ৩ | | | ৩১.০৫.২৫ | ১৫.০৬.২৫ | ২৫.০৬.২৫ | ৩০.০৬.২৫ | | | |
| [২] প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ২৫ | [২.১] নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন | ক্রমপুঞ্জিভূত | জনঘন্টা | ৩ | ৪৫ | ৪৫ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৬০ | ৬০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [২.১.২] কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন আয়োজন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | ২ | ২ | | | | | ২ | ২ |
| | | [২.২] শূন্য পদে জনবল নিয়োগদান। | [২.২.১] নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ | তারিখ | তারিখ | ১ | | | ৩০.১০.২৪ | ১৫.১১.২৪ | ৩০.১১.২৪ | ১৫.১২.২৪ | | | |
| | | | [২.২.২] লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ | তারিখ | তারিখ | ১ | | | ২৮.০২.২৫ | ১৫.০৩.২৫ | ৩০.০৩.২৫ | ১৫.০৪.২৫ | | | |
| | | | [২.২.৩] চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের নিয়োগপত্র প্রদান | তারিখ | তারিখ | ২ | | | ৩১.০৫.২৫ | ১৫.০৬.২৫ | ২৫.০৬.২৫ | ৩০.০৬.২৫ | | | |
| | | [২.৩] 'অটিজম ও এনডিডি সেবা দান কেন্দ্র' প্রকল্প বাস্তবায়ন | [২.৩.১] এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তি/পিতা-মাতার কর্মসংস্থান | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১৩ | ১৫ |
| | | | [২.৩.২] অটিজম ও এনডিডি ব্যক্তিদের থেরাপিউটিক সেবা প্রদান | ক্রমপুঞ্জিভূত | সেবা গ্রহণকারীর সংখ্যা | ৩ | | ১৫০০ | ৪০০০ | ৩৮০০ | ৩৫০০ | ৩২০০ | ৩০০০ | ৪২০০ | ৪৫০০ |
| | | | [২.৩.৩] অটিজম ও এনডিডি ব্যক্তিদের কাউন্সেলিং সেবা প্রদান | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | ২০০০ | ২৫০০ | ২৩০০ | ২২০০ | ২১০০ | ২০০০ | ৩০০০ | ৩২০০ |
| | | | [২.৩.৪] এনডিডি ব্যক্তিদের সহায়ক উপকরণ বিতরণ | সমষ্টি | গ্রহণকারীর সংখ্যা | ৩ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১২০ | ১৪০ |
| | | [২.৪] সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস | [২.৪.১] সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | তারিখ | ৩ | | | ৩১.০৫.২৫ | ১৫.০৬.২৫ | ২৫.০৬.২৫ | ৩০.০৬.২৫ | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন | ২০ | [৩.১] এনডিডি শিশু/ ব্যাক্তিদের পিতা-মাতা/ অভিভাবকদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণ গ্রহণকারী পিতা-মাতা/অভিভাবকদের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ৩৬০ | ৩৮০ | ৪০০ | ৩৬০ | ৩২০ | ২৮০ | ২৪০ | ৪০০ | ৪০০ |
| | | [৩.২] বিশেষ স্কুলের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণ গ্রহণকারী শিক্ষকদের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ৩০০ | ৩২০ | ৩৪০ | ৩০৬ | ২৭২ | ২৩৮ | ২০৪ | ৩৬০ | ৩৮০ |
| | | [৩.৩] এনডিডি শিশু/ ব্যাক্তিদের পিতা-মাতা/ অভিভাবকদের ওরিয়েন্টেশন কোর্স/ কর্মশালা আয়োজন | [৩.৩.১] অরিয়েন্টেশন কোর্স কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ২০০ | ২০০ | ২২০ | ১৯৮ | ১৭৬ | ১৫৪ | ১৩২ | ২৪০ | ২৬০ |
| | | [৩.৪] বিশেষ স্কুলের শিক্ষকদের ওরিয়েন্টেশন কোর্স/কর্মশালা আয়োজন | [৩.৪.১] অরিয়েন্টেশন কোর্স কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ২০০ | ২০০ | ২২০ | ১৯৮ | ১৭৬ | ১৫৪ | ১৩২ | ২৪০ | ২৬০ |
| | | [৩.৫] এনডিডি শিশু ও ব্যক্তিদের কেয়ারগিভার প্রশিক্ষণ | [৩.৫.১] কেয়ারগিভার প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | ৫০ | ৭০ | ৬৩ | ৫৬ | ৩৫ | ৪৯ | ৭৫ | ৮০ |
| | | [৩.৬] বলতে চাই অ্যাপ ব্যবহার ও জনপ্রিয়করণ | [৩.৬.১] শিক্ষক/পিতা-মাতা/অভিভাবকগণকে ব্যবহার সম্পর্কে শিক্ষা/প্রশিক্ষণ ও সচেতনকরণ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২২০ | ২৪০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ব্যবস্থাপনা পরিচালক
নিউরোডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

তারিখ

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইন | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ |
| ২ | ইউ আই ইউ | ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি |
| ৩ | এনডিডি | নিউরো ডেভেলপমেন্টাল ডিসএ্যাবলড/ডিসাএ্যাবলিটি |
| ৪ | এনডিডিপিটি | নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট |
| ৫ | চাকুরি বিধিমালা | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্মচারীর চাকুরির বিধিমালা |
| ৬ | জাপ্রউফা | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন |
| ৭ | বাজাসকপ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ |
| ৮ | বিধিমালা | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বিধিমালা, ২০১৫ |
| ৯ | সকম | সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ১০ | সসেঅদ | সমাজসেবা অধিদপ্তর |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] ওয়ানস্টপ স্বাস্থ্যসেবা অবহিতকরন, শিক্ষা ও অন্যান্য কর্মশালা | [১.১.১] অংশগ্রহণকারীর সংখ্যা | এনডিডিপিটি | কর্মশালা আয়োজনের নোটিশ, ছবি ইত্যাদি |
| [১.২] এনডিডি ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে আর্থিক অনুদান প্রদান | [১.২.১] সুবিধাভোগী এনডিডি ব্যক্তি | এনডিডিপিটি | জেলা কমিটি বরাবর তালিকা প্রেরণের পত্র, পত্রিকার বিজ্ঞপ্তি, জিটুপি পদ্ধতিতে নগদ-কে চেক প্রদানের প্রমাণক |
| [১.৩] এনডিডি নিয়ে কাজ করা ও করতে আগ্রহী স্বেচ্ছাসেবী সংস্থার নিবন্ধন কার্যক্রম নিষ্পত্তি | [১.৩.১] নিবন্ধন প্রদান কার্যক্রম নিষ্পন্ন | এনডিডিপিটি | নিবন্ধন সনদের ফটোকপি, নিবন্ধন কার্যক্রম নিষ্পত্তি সংক্রান্ত পত্র |
| [১.৪] এনডিডি ব্যক্তিদের জীবন ও স্বাস্থ্যঝুঁকি হ্রাসকল্পে স্বাস্থ্যবীমাকরণ | [১.৪.১] স্বাস্থ্যবীমার অওতাভুক্ত এনডিডি ব্যক্তি | এনডিডিপিটি | প্রিমিয়াম প্রদানের মানি রিসিট, বীমা পলিসি নং |
| [১.৫] বিশেষ শিক্ষাক্রম প্রণয়ন | [১.৫.১] বিশেষজ্ঞদের মতামতসহ সকল ধাপ অনুসরণ করে মন্ত্রণালয়ে প্রেরণ | এনডিডিপিটি | মন্ত্রণালয়ে প্রেরণের পত্র |
| | [১.৫.২] বাস্তবায়নের অংশ হিসেব স্টেকহোল্ডারদের অবহিতকরণ | এনডিডিপিটি | অবহিতকরণের নোটিশ, স্থিরচিত্র |
| [১.৬] এনডিডি বিষয়ক কার্যক্রম প্রচার ও সংশ্লিষ্টদের অবহিতকরণের জন্য নিউজ বুলেটিন প্রকাশ | [১.৬.১] ত্রৈমাসিক নিউজ বুলেটিন প্রকাশ | এনডিডিপিটি | বুলেটিনের ফটোকপি |
| [১.৭] এনডিডি সম্পর্কিত দিবস উদযাপন | [১.৭.১] বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদযাপন | এনডিডিপিটি, সকম | প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর আলোকে সংক্ষিপ্ত বিবরণী, স্থিরচিত্র, |
| [১.৭] এনডিডি সম্পর্কিত দিবস উদযাপন | [১.৭.২] বিশ্ব সেরিব্রাল পালসি দিবস উদযাপন | এনডিডিপিটি, সকম | প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর আলোকে সংক্ষিপ্ত বিবরণী, স্থিরচিত্র, |
| | [১.৭.৩] বিশ্ব ডাউন সিনড্রোম দিবস উদযাপন | এনডিডিপিটি, সকম | প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর আলোকে সংক্ষিপ্ত বিবরণী, স্থিরচিত্র, |
| [১.৮] এনডিডি সনাক্তকরণ ও সঠিক পরিসংখ্যান টুলস প্রণয়ন | [১.৮.১] টুলস প্রণয়নপূর্বক পাইলটিং কার্যক্রম সম্পন্ন | এনডিডিপিটি | কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণী, |
| [২.১] নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | [২.১.১] কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন | এনডিডিপিটি | প্রশিক্ষণ সংক্রান্ত পত্র, ছবি |
| [২.১] নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | [২.১.২] কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা উন্নয়নে সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন আয়োজন | এনডিডিপিটি | পত্র, ছবি ইত্যাদি |
| [২.২] শূন্য পদে জনবল নিয়োগদান। | [২.২.১] নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ | এনডিডিপিটি | নিয়োগ বিজ্ঞপ্তির কপি |
| | [২.২.২] লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ | এনডিডিপিটি | লিখিত পরীক্ষার প্রবেশপত্র, এ সংক্রান্ত পত্রাদি |
| | [২.২.৩] চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের নিয়োগপত্র প্রদান | এনডিডিপিটি | নিয়োগ সংক্রান্ত কার্যক্রমের সামারি শিট |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.৩] 'অটিজম ও এনডিডি সেবা দান কেন্দ্র' প্রকল্প বাস্তবায়ন | [২.৩.১] এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তি/পিতা-মাতার কর্মসংস্থান | এনডিডিপিটি, অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র | কর্মসংস্থানের তথ্য সম্বলিত প্রতিবেদন |
| | [২.৩.২] অটিজম ও এনডিডি ব্যক্তিদের থেরাপিউটিক সেবা প্রদান | এনডিডিপিটি, অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সেবা গ্রহণকারীর তালিকা/প্রতিবেদন |
| | [২.৩.৩] অটিজম ও এনডিডি ব্যক্তিদের কাউন্সেলিং সেবা প্রদান | এনডিডিপিটি, অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সেবা গ্রহণকারীর তালিকা/প্রতিবেদন |
| | [২.৩.৪] এনডিডি ব্যক্তিদের সহায়ক উপকরণ বিতরণ | এনডিডিপিটি, অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সেবা গ্রহণকারীর তালিকা/প্রতিবেদন |
| [২.৪] সাংগঠনিক কাঠামো পুর্নবিন্যাস | [২.৪.১] সাংগঠনিক কাঠামো পুর্নবিন্যাসপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ | এনডিডিপিটি | মন্ত্রণালয়ে প্রেরণের পত্র |
| [৩.১] এনডিডি শিশু/ ব্যাক্তিদের পিতা-মাতা/ অভিভাবকদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণ গ্রহণকারী পিতা-মাতা/অভিভাবকদের সংখ্যা | এনডিডিপিটি | পত্র, প্রশিক্ষণার্থীদের উপস্থিতি, ছবি |
| [৩.২] বিশেষ স্কুলের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান | [৩.২.১] প্রশিক্ষণ গ্রহণকারী শিক্ষকদের সংখ্যা | এনডিডিপিটি | পত্র, প্রশিক্ষণার্থীদের উপস্থিতি, ছবি |
| [৩.৩] এনডিডি শিশু/ ব্যাক্তিদের পিতা-মাতা/ অভিভাবকদের ওরিয়েন্টেশন কোর্স/ কর্মশালা আয়োজন | [৩.৩.১] অরিয়েন্টেশন কোর্স কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা | এনডিডিপিটি | পত্র, অংশগ্রহণকারীদের উপস্থিতি |
| [৩.৪] বিশেষ স্কুলের শিক্ষকদের ওরিয়েন্টেশন কোর্স/কর্মশালা আয়োজন | [৩.৪.১] অরিয়েন্টেশন কোর্স কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা | এনডিডিপিটি | পত্র, অংশগ্রহণকারীর উপস্থিতি |
| [৩.৫] এনডিডি শিশু ও ব্যক্তিদের কেয়ারগিভার প্রশিক্ষণ | [৩.৫.১] কেয়ারগিভার প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | এনডিডিপিটি | পত্র, অংশগ্রহণকারীর উপস্থিতি |
| [৩.৬] বলতে চাই অ্যাপ ব্যবহার ও জনপ্রিয়করণ | [৩.৬.১] শিক্ষক/পিতা-মাতা/অভিভাবকগণকে ব্যবহার সম্পর্কে শিক্ষা/প্রশিক্ষণ ও সচেতনকরণ | এনডিডিপিটি, এইমস ল্যাব (ইউ আই ইউ), | অ্যাপসের লিংক, শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণকারীর তালিকা/পত্র |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| এনডিডি নিয়ে কাজ করা ও করতে আগ্রহী স্বেচ্ছাসেবী সংস্থার নিবন্ধন কার্যক্রম নিষ্পত্তি | নিবন্ধন প্রদান কার্যক্রম নিষ্পন্ন | সমাজসেবা অধিদফতর | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন ও বিধিমালা অনুযায়ী নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধিতা নিয়ে কাজ করে বা কাজ করতে আগ্রহী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহকে এনডিডি সুরক্ষা ট্রাস্ট কর্তৃক নিবন্ধন গ্রহণের বিধান রয়েছে। আইন ও বিধিমালা অনুযায়ী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহকে নিবন্ধন প্রদানের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালকগণের তদন্ত প্রতিবেদনসহ কার্যক্রম নির্ধারন করা আছে। আইন ও বিধিমালার আলোকে জেলা পর্যায়ে নির্দেশনা প্রদান করে কার্যক্রম সম্পন্ন করা হয়। |
| এনডিডি ব্যক্তিদের জীবন ও স্বাস্থ্যঝুঁকি হ্রাসকল্পে স্বাস্থ্যবীমাকরণ | স্বাস্থ্যবীমার অওতাভুক্ত এনডিডি ব্যক্তি | সাধারণ বীমা কর্পোরেশন | এনডিডি ব্যক্তিদের স্বাস্থ্যঝুঁকি হ্রাসকল্পে ‘বঙ্গবন্ধু সুরক্ষা বীমা’ চালু করা হয়েছে। সাধারণ বীমা কর্পোরেশন ও এনডিডি সুরক্ষা ট্রাস্টের মধ্যে MoU এর মাধ্যমে বীমা কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সাধারণ বীমা কর্পোরেশন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, এনডিডি সুরক্ষা ট্রাস্ট ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে এ কার্যক্রমটি সমন্বয়পূর্বক বাস্তবায়ন করা হচ্ছে। |
| ওয়ানস্টপ স্বাস্থ্যসেবা অবহিতকরন, শিক্ষা ও অন্যান্য কর্মশালা | অংশগ্রহণকারীর সংখ্যা | স্বাস্থ্য অধিদপ্তর | দেশের সকল স্বাস্থ্যসেবা/ হাসপাতালসমূহে ওয়ানস্টপ হেলথ সার্ভিস চালুকরনের নিমিত্ত এনডিডি সুরক্ষা ট্রাস্ট থেকে উদ্যোগ গ্রহণের ফলে স্বাস্থ্য অধিদফতরের মাধ্যমে সকল হাসপাতালসমূহে ওয়ানস্টপ স্বাস্থ্যসেবা চালু করার সরকারি আদেশ ও এ লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়। হাসপাতালে গঠিত এ সকল কমিটির সংশ্লিষ্ট চিকিৎসক ও অন্যান্য সদস্যদের অবহিতকরণ ও প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক হাসপাতাল কর্তৃপক্ষ বরাবর পত্র জারির মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করা হবে। |
| এনডিডি ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে আর্থিক অনুদান প্রদান | সুবিধাভোগী এনডিডি ব্যক্তি | সমাজসেবা অধিদফতর | ট্রাস্ট আইন অনুযায়ী জেলা প্রশাসককে সভাপতি ও জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক-কে সদস্য সচিব করে গঠিত জেলা কমিটির মাধ্যমে এনডিডি ব্যক্তিদের তালিকা সংগ্রহ করা হয়। এক্ষেত্রে পত্রযোগাযোগ ও এনডিডি ব্যক্তিদের মধ্যে প্রচারের জন্য জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ